মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

স্মারক নং-৪০/ক/স্বী/৮৪/(অংশ-১)/১৪৫২ তারিখ: ২৪/৭/১৭

বিষয়: ২০১৬-১৭ শিক্ষাবর্ষ থেকে উচ্চমাধ্যমিক পর্যায়ে ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা এবং সমাজবিজ্ঞান বিষয়ের অনুমোদন প্রদান প্রসঙ্গে।

সূত্র: ক) অধ্যক্ষের ০১/০২/২০১৭ ইং তারিখের আবেদন।
খ) শিক্ষা মন্ত্রণালয়ের পত্র নং ৩৭.০০.০০০০.০৭০.১১.০৪৯.২০১৬-৭৯০, তারিখ:২৯/১১/২০১৬
গ) শিক্ষা মন্ত্রণালয়ের পত্র নং ৩৭.০০.০০০০.০৭০.০৮.০৪৩.২০১৫.৬১০, তারিখ ১৪/০৩/২০১৬

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, ঢাকা মহানগরীর মগবাজার এলাকায় অবস্থিত 'সিদ্ধেশ্বরী কলেজ' এ নিম্নোক্ত শর্তসাপেক্ষে ২০১৬-১৭ শিক্ষাবর্ষ থেকে উচ্চমাধ্যমিক পর্যায়ে ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা এবং সমাজবিজ্ঞান বিষয়ের অনুমোদন দেয়া হলো।

শর্তসমূহ:

১। নিয়োগকৃত শিক্ষক/জনবলের বেতন ভাতাদি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের নিজস্ব তহবিল হতে পরিশোধ করতে হবে;
২। এ ক্ষেত্রে সরকার কোন আর্থিক দায়ভার বহন করবে না;
৩। আগামী ০১ (এক) বছরের মধ্যে শিক্ষার্থীর সংখ্যা সন্তোষজনক পর্যায়ে উন্নীত করতে হবে;
৪। কলেজের কোন শাখা ক্যাম্পাস চালু করা যাবে না;
৫। উক্ত অনুমোদন ভবিষ্যতে অন্য কোন প্রতিষ্ঠানের ক্ষেত্রে উদাহরণ অথবা নজির হিসেবে বিবেচিত হবে না;
৬। সরকার প্রয়োজন মনে করলে যে কোন সময় যে কোন শর্ত আরোপ করতে পারবে;
৭। বেসরকারী কলেজের ক্ষেত্রে প্রচলিত অন্যান্য সকল শর্ত মেনে চলতে হবে এবং
৮। সরকার উপযুক্ত কারণ মনে করলে যে কোন সময় বিষয় খোলার আদেশ বাতিল বা স্থগিত করতে পারে।

চেয়ারম্যানের আদেশক্রমে

স্বা:

ড. মোঃ আশফাকুস সালেহীন
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
ইমেইল:ic@dhakaeducationboard.gov.bd

অধ্যক্ষ
সিদ্ধেশ্বরী কলেজ [EIIN: ১০৮৩৫৩]
২৫ শহীদ সাংবাদিক সেলিনা পারভীন সড়ক
মগবাজার, ঢাকা-১২১৭।

মেমো নং- ৪৫২ তারিখ: ২৪/৭/১৭

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলো:

১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
৩। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
৪। পরিচালক, শিক্ষা, তথ্য ও পরিসংখ্যান ব্যুরো, নীলক্ষেত, ঢাকা।
৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
৬। অফিস কপি।

২৪/০৭/২০১৭
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা।